

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৫১৭  
শান্তিরবাজার, ৩ নভেম্বর, ২০২৩

### ১২-১৩ নভেম্বর মুছুরীপুর রাজ রাজেশ্বরী মন্দিরে মেলা

শান্তিরবাজার মহকুমার মুছুরীপুর রাজ রাজেশ্বরী মন্দির প্রাঙ্গনে দীপাবলি উপলক্ষে আগামী ১২-১৩ নভেম্বর দু'দিন ব্যাপী মেলা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষ্যে সম্প্রতি শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্যের উপস্থিতিতে মন্দির প্রাঙ্গনে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সিদ্ধান্ত নেওয়া হয় মেলায় ১১টি সরকারি দপ্তর থেকে প্রদর্শনী স্টল খোলা হবে। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে মেলায় দু'দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন মহকুমা পুলিশ আধিকারিক সৌগত চাকমা, জেলা স্বাস্থ্য আধিকারিক ডাঃ সুব্রত দাস, কৃষি তত্ত্বাবধায়ক শ্রীদাম দাস, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহ অধিকর্তা রিপন চাকমা, সমাজসেবী সুশঙ্কর ভৌমিক প্রমুখ।

\*\*\*\*\*